গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫২.২০১৮- ৩২৭ তারিখ- ১৬.০৭.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ নীহার রঞ্জন বৈদ্য (১২০৩৬০), সহকারী সার্জন, ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ নীহার রঞ্জন বৈদ্য (১২০৩৬০), সহকারী সার্জন, ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা জনৈক লক্ষন বৈদ্য নামে একজন অসুস্থ রোগীকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গৌরনদী, বরিশালে কর্মরত থাকাকালীন সময়ে ভূয়া মেডিকেল সনদপত্র (জখমী সনদপত্র) প্রদান করেছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

ডাঃ নীহার রঞ্জন বৈদ্য (১২০৩৬০)
সহকারী সার্জন
১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম ও পোঃ বাহাদুরপুর, উপজেলা- আগৈলঝাড়া, জেলা-বরিশাল)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫২.২০১৮- ৩২৭/১(৭) তারিখ- ১৬.০৭.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, বরিশাল।
৫। তত্ত্বাবধায়ক, ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গৌরনদী, বরিশাল।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

১৬.০৭.২০১৮
(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ নীহার রঞ্জন বৈদ্য (১২০৩৬০), সহকারী সার্জন, ১০০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, বরগুনা জনৈক লক্ষন বৈদ্য নামে একজন অসুস্থ রোগীকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গৌরনদী, বরিশালে কর্মরত থাকাকালীন সময়ে ভূয়া মেডিকেল সনদপত্র (জখমী সনদপত্র) প্রদান করেছেন। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৮- ৬৩০

তারিখঃ ১৬.০৯. .২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ আবু তৈয়ব মোঃ খুরশেদ আলম (৪০০০৮), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট গত ২২/১২/২০১৫ খ্রিঃ হতে ৩০/১২/২০১৭ খ্রিঃ পর্যন্ত (মোট ২ বছর ৯ দিন) অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৪.০৬.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৮-১৯৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ আবু তৈয়ব মোঃ খুরশেদ আলম (৪০০০৮) দীর্ঘদিন হেপাটাইটিস বি ভাইরাসে আক্রান্ত হন ও বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধায়কে ছিলেন এবং মেজর ডিপ্রেসিভ ইলনেস এ ভুগছিলেন;

সেহেতু, ডাঃ আবু তৈয়ব মোঃ খুরশেদ আলম (৪০০০৮), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট এর কারন দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল), ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং মামলাটি নিষ্পত্তি করা হলো। তাঁর অনুপস্থিতকালীন সময়কে ২২/১২/২০১৫ খ্রিঃ হতে ৩০/১২/২০১৭ খ্রিঃ পর্যন্ত (মোট ২ বছর ৯ দিন) বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১৮-৬৩০/১(১০)

তারিখঃ ১৬.০৯.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিভিল সার্জন, সিলেট।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট।
৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট।
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ আবু তৈয়ব মোঃ খুরশেদ আলম (৪০০০৮), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিশ্বনাথ, সিলেট। (স্থায়ী ঠিকানা- বাসা নং-৫৭, সাগর দিঘির পাড়, বিশ্বনাথ, সিলেট)।

(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

E:\monir\Order-2018-Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৮-৩৩১ তারিখঃ ১৬.০৯.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ সিদ্দিকুর রহমান (১২৪১৭২), ইনডোর মেডিকেল অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম গত ০৫/০১/২০১৭ খ্রিঃ হতে ১৪/১০/২০১৭ খ্রিঃ পর্যন্ত (মোট ৯ মাস ১০ দিন) অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৪.০৬.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৮-২০০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ সিদ্দিকুর রহমান (১২৪১৭২) চাকুরিতে নবীন এবং তাঁর প্রথম অপরাধ;

সেহেতু, ডাঃ মোঃ সিদ্দিকুর রহমান (১২৪১৭২), ইনডোর মেডিকেল অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম এর অপরাধের গুরুত্ব বিবেচনা করে মানবিক কারনে তাঁকে এবারের মতো সতর্ক করে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল), ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং মামলাটি নিস্পত্তি করা হলো। তাঁর অনুপস্থিতকালীন সময়কে ০৫/০১/২০১৭ খ্রিঃ হতে ১৪/১০/২০১৭ খ্রিঃ পর্যন্ত (মোট ৯ মাস ১০ দিন) বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৬.০৯.২০১৮
(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৮-৩৩৪/১(৭) তারিখঃ ১৬.০৯.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। বিভাগ হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ মোঃ সিদ্দিকুর রহমান (১২৪১৭২), ইনডোর মেডিকেল অফিসার, চট্টগ্রাম মেডিকেল-কলেজ হাসপাতাল, চট্টগ্রাম। (স্থায়ী ঠিকানা- গ্রাম- লতিফপুর, পোঃ ও উপজেলা- বগুড়া সদর, জেলা- বগুড়া)।

১৬/০৯/২০১৮
(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮